# মূল্য সংবেদনশীল তথ্য

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ট্রাস্টি কমিটির ০৩ আগস্ট ২০২৩ তারিখে অনুষ্ঠিত সভায় আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেড এর ব্যবস্থাধীনে পরিচালিত নিম্নোক্ত **মেয়াদি মিউচ্যুয়াল ফান্ডসমূহের** ২০২২-২৩ অর্থবছরের (০১ জুলাই ২০২২ হতে ৩০ জুন ২০২৩) নিরীক্ষিত হিসাব এবং লভ্যাংশ অনুমোদিত হয়েছে। মিউচ্যুয়াল ফান্ডসমূহের ২০২২-২৩ অর্থবছরের নিরীক্ষিত হিসাব অনুযায়ী ইউনিট প্রতি নীট সম্পদ মূল্য (NAV), ইউনিট প্রতি আয় (EPU), ইউনিট প্রতি নীট পরিচালন নগদ প্রবাহ (NOCFPU) এবং ঘোষিত নগদ লভ্যাংশের হার নিম্নরূপ:

| ক্রমিক নং | ফান্ডের নাম | ক্রয় মূল্যে ইউনিট প্রতি নীট সম্পদ মূল্য (টাকা) | | বাজার মূল্যে ইউনিট প্রতি নীট সম্পদ মূল্য (টাকা) | | ইউনিট প্রতি আয় (টাকা) | | ইউনিট প্রতি নীট পরিচালন নগদ প্রবাহ NOCFPU (টাকা) | | লভ্যাংশের হার (%) | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ৩০ জুন ২০২৩ | ৩০ জুন ২০২২ | ৩০ জুন ২০২৩ | ৩০ জুন ২০২২ | ০১ জুলাই ২০২২ হতে ৩০ জুন ২০২৩ | ০১ জুলাই ২০২১ হতে ৩০ জুন ২০২২ | ০১ জুলাই ২০২২ হতে ৩০ জুন ২০২৩ | ০১ জুলাই ২০২১ হতে ৩০ জুন ২০২২ (Re-Stated) | ২০২২-২৩ | ২০২১-২২ |
| ০১। | আইসিবি এএমসিএল সেকেন্ড মিউচ্যুয়াল ফান্ড | ১৩.৯৩ | ১৪.৩০ | ১০.৪০ | ১০.৯৭ | ০.০৩ | ০.৫৯ | ০.২২ | ১.২১ | ৩% | ৬% |
| ০২। | আইসিবি এমপ্লয়িজ প্রভিডেন্ট মিউচ্যুয়াল ফান্ড ওয়ান: স্কীম ওয়ান | ১২.৪৬ | ১২.৫৫ | ৯.৬৬ | ৯.৯৮ | ০.৩৪ | ০.৫৯ | ০.৪১ | ১.০২ | ৩% | ৫% |
| ০৩। | প্রাইম ব্যাংক ফার্স্ট আইসিবি এএমসিএল মিউচ্যুয়াল ফান্ড | ১২.৬৩ | ১২.৬৪ | ৯.৯৭ | ১০.৪৪ | ০.৪২ | ০.৫০ | ০.৪৯ | ১.১৪ | ৩% | ৫% |
| ০৪। | ফিনিক্স ফাইন্যান্স ফার্স্ট মিউচ্যুয়াল ফান্ড | ১২.৬৬ | ১২.৭৪ | ৯.৭৬ | ১০.০৫ | ০.৩৮ | ০.৫০ | ০.৪৪ | ১.১৪ | ৩% | ৫% |
| ০৫। | আইসিবি এএমসিএল থার্ড এনআরবি মিউচ্যুয়াল ফান্ড | ১২.২৫ | ১২.৩৬ | ৯.০২ | ৯.৭৯ | ০.৩৬ | ০.৫৩ | ০.৩৯ | ১.০৪ | ৩% | ৫% |
| ০৬। | আইএফআইএল ইসলামিক মিউচ্যুয়াল ফান্ড-১ | ১১.৫৭ | ১১.৫৭ | ৯.৭৫ | ৯.৮৭ | ০.৪২ | ০.৩৯ | ০.৪৭ | ০.৬৯ | ৩% | ৪% |
| ০৭। | আইসিবি এএমসিএল সোনালী ব্যাংক লিঃ ফার্স্ট মিউচ্যুয়াল ফান্ড | ১২.০৪ | ১০.৫৮ | ১০.৩০ | ৯.০৬ | ০.২২ | ০.৫১ | ০.৪৪ | ০.৮৯ | ২.৫% | ৫% |
| ০৮। | আইসিবি এএমসিএল ফার্স্ট অগ্রণী ব্যাংক মিউচ্যুয়াল ফান্ড | ১১.৫৬ | ১২.১০ | ১০.৮৩ | ১১.৫৯ | ০.১৪ | ১.২৮ | ০.৩৬ | ১.৩০ | ৫% | ৯% |

বি:দ্র: উল্লিখিত ছকের ১,৭ ও ৮নং ক্রমিকে বর্ণিত ফান্ডসমূহের চলতি বছরের মুনাফার সাথে বিগত বছরের রিজার্ভ/অবণ্টিত মুনাফার সমন্বয়ে সম্মানিত বিনিয়োগকারীগণের জন্য লভ্যাংশ ঘোষণা করা হয়েছে।

০২। উপর্যুক্ত **মেয়াদি মিউচ্যুয়াল ফান্ডসমূহের** লভ্যাংশ প্রাপ্তির **রেকর্ড ডেট** নির্ধারণ করা হয়েছে **২৪ আগস্ট ২০২৩**।

০৩। সম্মানিত বিনিয়োগকারীগণের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, ৩০ জুন ২০২৩ তারিখে সমাপ্ত ২০২২-২৩ অর্থবছরের লভ্যাংশ সংশ্লিষ্ট বিনিয়োগকারীগণের (অনিবাসী ব্যতীত) নিজ নিজ ব্যাংক হিসাবে বাংলাদেশ ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার নেটওয়ার্ক (BEFTN) এর মাধ্যমে প্রেরণ করা হবে। যে সকল বিনিয়োগকারী হাতে হাতে লভ্যাংশপত্র গ্রহণ করতে ইচ্ছুক তাঁদেরকে আগামী **২৯ আগস্ট ২০২৩** তারিখের মধ্যে আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেড বরাবর আবেদন করার জন্য অনুরোধ করা যাচ্ছে। অনিবাসী ও অন্যান্য বিনিয়োগকারীগণকে (যাঁরা হাতে হাতে লভ্যাংশপত্র সংগ্রহের জন্য আবেদন করবেন) নিম্নলিখিত স্থান ও সময়সূচী অনুযায়ী বিও হিসাবের তথ্যাদিসহ ব্যক্তিগতভাবে অথবা মনোনীত প্রতিনিধির মাধ্যমে লভ্যাংশপত্র সংগ্রহের জন্য অনুরোধ করা যাচ্ছে:

| লভ্যাংশপত্র বিতরণের তারিখ | লভ্যাংশপত্র বিতরণের স্থান | সময় |
|---|---|---|
| ১২-০৯-২০২৩ হতে ১৪-০৯-২০২৩ | **আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেড**<br>গ্রীন সিটি এজ (৫ম তলা), ৮৯ কাকরাইল, ঢাকা-১০০০। | সকাল ১০:৩০ হতে<br>বিকাল ৫:০০ ঘটিকা পর্যন্ত |

০৪। যে সকল বিনিয়োগকারী নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে লভ্যাংশপত্র সংগ্রহ করতে ব্যর্থ হবেন তাঁদের লভ্যাংশপত্র রেকর্ড ডেট-এ সিডিবিএল এ সংরক্ষিত ঠিকানায় তাঁদের নিজস্ব ঝুঁকিতে কুরিয়ার/ডাকযোগে প্রেরণ করা হবে।

০৫। উপর্যুক্ত **মেয়াদি মিউচ্যুয়াল ফান্ডসমূহের** নগদ লভ্যাংশ সুষ্ঠুভাবে বিতরণের জন্য বিনিয়োগকারীগণের বিও হিসাবে E-TIN ও ব্যাংক হিসাব সংক্রান্ত তথ্যাদি (প্রযোজ্য ক্ষেত্রে) এবং সংশ্লিষ্ট ডিপোজিটরি পার্টিসিপেন্টদেরকেও (DP) উক্ত ফান্ডের বিনিয়োগকারীগণের ১২ ডিজিটের E-TIN ও সাম্প্রতিক (Update) ব্যাংক হিসাব সংক্রান্ত তথ্যাদি (রাউটিং নম্বরসহ) রেকর্ড ডেটের পূর্বে হালনাগাদকরণের জন্য আন্তরিকভাবে অনুরোধ করা যাচ্ছে। **আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেড এর সম্মানিত বিনিয়োগকারীগণকে তাঁদের E-mail ID হালনাগাদ করার জন্য অনুরোধ করা হলো।**

০৬। **বিনিয়োগকারীগণ নির্ধারিত সময়ের মধ্যে E-TIN সংক্রান্ত তথ্য বিও হিসাবে হালনাগাদ করতে ব্যর্থ হলে, আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ৫৪ নং সেকশনের আওতায় সংশোধিত আইটি ম্যানুয়াল XXXVI ১৯৮৪ অনুযায়ী উৎস কর ১০% এর পরিবর্তে ১৫% কর্তন করা হবে।**

**বি:দ্র: বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এর ১৪ মে ২০১৫ তারিখের সূত্র নং-এসইসি/সিএমআরআরসিডি/২০০৯-১৯৩/১৬৯ এর নির্দেশনা অনুযায়ী সকল স্টক ব্রোকার/মার্চেন্ট ব্যাংকসমূহকে মার্জিন লোনে ক্রয়কৃত উল্লিখিত মেয়াদি মিউচ্যুয়াল ফান্ডসমূহের রেকর্ড ডেট-এ ধারণকৃত বিনিয়োগকারীগণের নামের তালিকাসহ ব্যাংক হিসাব সংক্রান্ত তথ্যাদি আগামী ২৯ আগস্ট ২০২৩ তারিখের মধ্যে আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেড বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা যাচ্ছে। উল্লেখ্য, ২৯ আগস্ট ২০২৩ তারিখের পর আর কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।**

ট্রাস্টি কমিটির অনুমোদনক্রমে
প্রধান নির্বাহী কর্মকর্তা


**আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেড**
(আইসিবি'র একটি সাবসিডিয়ারি কোম্পানি)
গ্রীন সিটি এজ (৫ম তলা), ৮৯ কাকরাইল, ঢাকা-১০০০।
+৮৮-০২-৮৩০০৪১২ (অটো হান্টিং), ফ্যাক্স: +৮৮-০২-৮৩০০৪১৬
ই-মেইল: info@icbamcl.com.bd, ওয়েবসাইট: www.icbamcl.com.bd